যুগান্তর

তারিখ: 30 AUG 2017
পৃষ্ঠা: ২০ কলাম: ৮

# জাতীয়করণের তালিকায় আরও ১৪৮ হাইস্কুল

যুগান্তর রিপোর্ট

আরও ১৪৮টি বেসরকারি হাইস্কুল জাতীয়করণ হচ্ছে। এ ব্যাপারে প্রধানমন্ত্রীর নীতিগত অনুমোদন পাওয়া গেছে। সে অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয় মঙ্গলবার পরবর্তী কার্যক্রম শুরু করেছে।

বিষয়টি নিশ্চিত করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের পরিচালক (কলেজ ও প্রশাসন) অধ্যাপক শামসুল হুদা বলেন, এসব প্রতিষ্ঠান জাতীয়করণের ব্যাপারে এখন পরবর্তী

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৫

## জাতীয়করণের তালিকায় আরও ১৪৮ হাইস্কুল

(শেষ পৃষ্ঠার পর)

কার্যক্রম শুরু করা হবে। এর আগে বিভিন্ন দফায় ১১৮টি বেসরকারি হাইস্কুল জাতীয়করণের বিষয়টি নীতিগতভাবে অনুমোদন করেন প্রধানমন্ত্রী। সে অনুযায়ী এখন পর্যন্ত ৪২টি স্কুল জাতীয়করণের ব্যয় নির্বাহের ব্যবস্থা হয়েছে।

দেশের প্রতি উপজেলায় একটি করে বেসরকারি স্কুল ও কলেজ সরকারিকরণের ব্যাপারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দিয়েছেন। এরপর সমীক্ষা চালিয়ে দেখা গেছে, ৩১৫টি উপজেলায় হাইস্কুল এবং ৩২১টি উপজেলায় সরকারি কলেজ নেই। প্রধানমন্ত্রীর ঘোষণার পর বিভিন্ন দফায় ১৯৯টি বেসরকারি কলেজ এবং ১১৮টি হাইস্কুল জাতীয়করণের ব্যাপারে তিনি (প্রধানমন্ত্রী) নীতিগত অনুমোদন দিয়েছেন। এখন হল আরও ১৪৮টি। দেশে বর্তমানে ৩৩৫টি সরকারি হাইস্কুল এবং ৩৩১টি কলেজ আছে।

নতুন জাতীয়করণকৃত কলেজগুলো হচ্ছে, ঢাকার ধামরাই হার্ডিঞ্জ উচ্চ বিদ্যালয়, দোহারের জয়পাড়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, নবাবগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়। মানিকগঞ্জের দৌলতপুর পিএস মডেল উচ্চ বিদ্যালয়, সাটুরিয়া আদর্শ পাইলট উচ্চ বিদ্যালয়, সিংগাইর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়। নারায়ণগঞ্জের আড়াইহাজার পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, রূপগঞ্জ মুড়াপাড়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বন্দর থানায় হাজী ইব্রাহিম আলমচান মডেল স্কুল অ্যান্ড কলেজ। গাজীপুরে শ্রীপুর পাইলট উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া পাইলট উচ্চ বিদ্যালয়।

নরসিংদীর বেলাব পাইলট মডার্ন হাইস্কুল, মনোহরদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, চরসিন্দুর বহুমুখী উচ্চ বিদ্যালয়, আলিয়াবাদ ইসলামিয়া উচ্চ বিদ্যালয়। মুন্সীগঞ্জে লৌহজং হলদিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়, সিরাজদিখান ইছাপুরা মডেল উচ্চ বিদ্যালয়, টঙ্গীবাড়ি সোনারং পাইলট মডেল উচ্চ বিদ্যালয়। ফরিদপুর আলফাডাঙ্গা আরিফুজ্জামান মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, ভাঙ্গা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, নগরকান্দা এমএন একাডেমি (মডেল স্কুল) নগরকান্দা, সালথা মডেল মাধ্যমিক বিদ্যালয়।

শরীয়তপুরে জাজিরা মোহর আলী মডেল উচ্চ বিদ্যালয়, নড়িয়া বিহারী লাল পাইলট (মডেল) উচ্চ বিদ্যালয়। মাদারীপুরে কালকিনি পাইলট উচ্চ বিদ্যালয়। ময়মনসিংহে ধোবাউড়া বহুমুখী মডেল উচ্চ বিদ্যালয়, ফুলবাড়িয়া মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, ফুলপুর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, হালুয়াঘাট আদর্শ উচ্চ বিদ্যালয়, মুক্তাগাছা আর কে মডেল উচ্চ বিদ্যালয়, তারাকান্দা বকশীমূল উচ্চ বিদ্যালয়।

জামালপুরে ইসলামপুর নেকজাহান পাইলট মডেল হাইস্কুল, সরিষাবাড়ি পাইলট উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয় (স্কুল অ্যান্ড কলেজ)। শেরপুরে ঝিনাইগাতি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, নকলা পাইলট উচ্চ বিদ্যালয়, নলিতাবাড়ি পাইলট উচ্চ বিদ্যালয়। কিশোরগঞ্জে বাজিতপুর আরএন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, ভৈরব কেবি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, হোসেনপুর মডেল পাইলট স্কুল অ্যান্ড কলেজ, নিকলী জিসি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, ইটনার মহেশ চন্দ্র মডেল শিক্ষা নিকেতন।

টাঙ্গাইলে কালিহাতি আরএস পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মির্জাপুর এসকে পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, যদুনাথ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, ধনবাড়ী নওয়াব ইন্সটিটিউট। চট্টগ্রামে আনোয়ারা আদর্শ উচ্চ বিদ্যালয়, গোমদণ্ডী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, চান্দনাইশের গাছবাড়িয়া নিত্যানন্দ গৌড়চন্দ্র মডেল উচ্চ বিদ্যালয়, ফটিকছড়ি করোনেশন আদর্শ মডেল উচ্চ বিদ্যালয়, রাঙ্গুনিয়ার পোমরা বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়, রাউজান আরআরএসি মডেল হাইস্কুল, সাতকানিয়া বালিকা উচ্চ বিদ্যালয়।

কক্সবাজারের টেকনাফ এজাহার বালিকা উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি গুইমারা মডেল হাইস্কুল। রাঙ্গামাটির বাঘাইছড়ির কাচালং মডেল উচ্চ বিদ্যালয়, বরকল মডেল উচ্চ বিদ্যালয়, নানিয়ারচর মডেল উচ্চ বিদ্যালয়। নোয়াখালীর সোনাইমুড়ি মডেল উচ্চ বিদ্যালয়, সুবর্ণচর শহীদ জয়নাল আবেদীন মডেল উচ্চ বিদ্যালয়, কবিরহাট মডেল উচ্চ বিদ্যালয়। কুমিল্লার চৌদ্দগ্রাম এইচ. জে. পাইলট মডেল হাইস্কুল, লাকসাম পাইলট উচ্চ বিদ্যালয়, দৌলত হোসেন উচ্চ বিদ্যালয়। চাঁদপুরের ফরিদগঞ্জ এ আর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, হাজীগঞ্জ মডেল পাইলট হাইস্কুল অ্যান্ড কলেজ। ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুর এসএম পাইলট মডেল উচ্চ বিদ্যালয়।

সিলেটের গোয়াইনঘাট মডেল উচ্চ বিদ্যালয়, দক্ষিণ সুরমার রেবতি রমন দ্বি-পাক্ষিক উচ্চ বিদ্যালয়। হবিগঞ্জের দীননাথ ইনস্টিটিউশন মডেল হাইস্কুল, সুনামগঞ্জের দিরাই উচ্চ বালিকা বিদ্যালয়, দোয়ারবাজার মডেল উচ্চ বিদ্যালয়, গোবিন্দচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়, জয়কলস উজানী গাঁও রশিদিয়া উচ্চ বিদ্যালয়।

মৌলভীবাজারের পাথারিয়া ছোটলিখা মডেল উচ্চ বিদ্যালয়, কমলগঞ্জ বহুমুখী মডেল উচ্চ বিদ্যালয়, শহীদ সুদর্শন উচ্চ বিদ্যালয়, জুড়ী মডেল উচ্চ বিদ্যালয়। রাজশাহীর বাঘার আড়ানী মনোমহিনী উচ্চ বিদ্যালয়, দুর্গাপুর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ি উচ্চ বিদ্যালয় ও কলেজ, পুঠিয়া পিএন উচ্চ বিদ্যালয়। বগুড়ার ধুনট এনইউ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, শেরপুর ডিজে মডেল হাইস্কুল, সোনাতলা মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ, চাচাইতারা মাদলাযুক্ত উচ্চ বিদ্যালয়। পাবনার আটঘরিয়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বেড়া বিবি পাইলট উচ্চ বিদ্যালয়, ভাঙ্গুরা ইউনিয়ন উচ্চ বিদ্যালয়, চাটমোহর আরসিএম অ্যান্ড বিএসএন মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, সাড়া মাড়োয়ারী মডেল স্কুল অ্যান্ড কলেজ, সাঁথিয়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়।

নওগাঁর ধামইরহাট চকময়রাম মডেল উচ্চ বিদ্যালয়, গোটগাড়ি শহীদ মামুন হাইস্কুল ও কলেজ, জাহাঙ্গীরপুর বালিকা বিদ্যালয় ও কলেজ, নিয়ামতপুর বহুমুখী মডেল উচ্চ বিদ্যালয়, নজিপুর মডেল উচ্চ বিদ্যালয়, নিতপুর মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ, রানীনগর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়। সিরাজগঞ্জ বেলকুচি সোহাগপুর এসকে পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, খাষকাউলিয়া কেআর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, তাড়াশ বালিকা উচ্চ বিদ্যালয়। জয়পুরহাটে আক্কেলপুর এফইউ পাইলট উচ্চ বিদ্যালয়, কালাই এমইউ উচ্চ বিদ্যালয়। ক্ষেতলাল পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ। রংপুরে বদরগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়, গঙ্গাচড়া মডেল উচ্চ বিদ্যালয়, কাউনিয়া মোফাজ্জল হোসেন মডেল উচ্চ বিদ্যালয়, মিঠাপুকুর মডেল উচ্চ বিদ্যালয়, পীরগাছা জেএন মডেল উচ্চ বিদ্যালয়, তারাগঞ্জ ও/এ মডেল উচ্চ বিদ্যালয়।

লালমনিরহাটে আদিতমারী গিরিজা শংকর মডেল উচ্চ বিদ্যালয়, বিরল পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, সেতাবগঞ্জ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, চিরিরবন্দর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, সুজাপুর মডেল উচ্চ বিদ্যালয়, রামচন্দ্রপুর পাইলট উচ্চ বিদ্যালয়, খানসামা পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়। ঠাকুরগাঁওয়ে বালিয়াডাঙ্গী বালিকা উচ্চ বিদ্যালয়, হরিপুর পাইলট উচ্চ বিদ্যালয়। পঞ্চগড়ে বোদা পাইলট গার্লস স্কুল অ্যান্ড কলেজ। নীলফামারীতে জলঢাকা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, গাইবান্ধায় সাদুল্লাপুর কেএম পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়। খুলনায় জলমা চকরাখালী মাধ্যমিক বিদ্যালয়, কয়রা মদিনাবাদ মডেল মাধ্যমিক বিদ্যালয়। সাতক্ষীরার আশাশুনি মাধ্যমিক বিদ্যালয়, কচুয়ার সিএস পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়।

বাগেরহাটে মংলা টিএ ফারুক স্কুল অ্যান্ড কলেজ, শরণখোলার রায়েন্দা পাইলট হাইস্কুল। যশোরে বাগারপাড়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মাগুরার আরকেএসএইচ ইন্সটিটিউশন মডেল মাধ্যমিক বিদ্যালয়, আড়পাড়া আইডিয়াল হাইস্কুল, শ্রীপুর এমসি পাইলট মাধ্যমিক বিদ্যালয়। নড়াইলের কালিয়া পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, পিরোজপুরে হাতেমআলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়, স্বরূপকাঠি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, ঝালকাঠিতে নলছিটি মার্চেন্টস মডেল মাধ্যমিক বিদ্যালয়।

বরিশালে বাবুগঞ্জ পাইলট মাধ্যমিক বিদ্যালয়, মেহেন্দিগঞ্জ পাতারহাট মুসলিম মডেল উচ্চ বিদ্যালয়, মুলাদী মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয়, ডব্লিউবি ইউনিয়ন মডেল (পাইলট) ইন্সটিটিউশন। বরগুনার সারওয়ারজান পাইলট মডেল উচ্চ বিদ্যালয়।

পটুয়াখালীর বাউফল মডেল মাধ্যমিক বিদ্যালয়, দশমিনা মডেল মাধ্যমিক বিদ্যালয়, গলাচিপা মডেল মাধ্যমিক বিদ্যালয়, খেপুপাড়া মডেল মাধ্যমিক বিদ্যালয়। ভোলায় চরফ্যাশন টি ব্যারেট মডেল মাধ্যমিক বিদ্যালয় ও মনপুরা মাধ্যমিক বিদ্যালয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
পরিসংখ্যান বিভাগ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর